

তোমারেই প্রাণের আশা কহিব ।
 সুখে-দুখে-শোকে আঁধারে-আলোকে চরণে চাহিয়া রহিব ॥
 কেন এ সংসারে পাঠালে আমারে তুমিই জান তা প্রভু গো ।
 তোমারি আদেশে রহিব এ দেশে, সুখ দুখ যাহা দিবে সহিব ॥
 যদি বনে কভু পথ হারাই, প্রভু, তোমারি নাম লয়ে ডাকিব ।
 বড়োই প্রাণ যবে আকুল হইবে চরণ হৃদয়ে লইব ॥
 তোমারি জগতে প্রেম বিলাইব, তোমারি কার্য যা সাধিব—
 শেষ হয়ে গেলে ডেকে নিয়ো কোলে । বিরাম আর কোথা পাইব ॥

Parjaay: Puja O Prarthana, Taal: Kaharwa, Raag: Ashabari-Bhairav
 Visit www.geetabitan.com for notation and other detail